আর্কাইভ
জনপ্রশাসন / কাস্টমস / ভ্যাট / বিবিধ
2262

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
ঢাকা।

[ ভ্যাট বিভাগ ]

**আদেশ**

তারিখ: ০৫ আষাঢ়, ১৪২৫ বঙ্গাব্দ/ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ

**সাধারণ আদেশ নং- ১০/মূসক/২০১৮।—** মূল্য সংযোজন কর আইন, ১৯৯১ (১৯৯১ সনের ২২ নং আইন) এর ধারা ১৪ এর উপ-ধারা (২) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড Customs Act, 1969 (IV of 1969) এর First Schedule এর কলাম (১) এর শিরনামা সংখ্যা (Heading No.) 89.01 এর বিপরীতে কলাম (২) এ উল্লিখিত সংশ্লিষ্ট অন্যান্য সামঞ্জস্যপূর্ণ নামকরণ কোড (H.S. Code) এর আওতাধীন কলাম (৩) এ বর্ণিত সমুদ্রগামী জাহাজ (ন্যুনতম ৫০০০ DWT এর উর্দ্ধে) আমদানির ক্ষেত্রে উহাদের উপর আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর হইতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করিল, যথা:-

**শর্তাবলীঃ**

ক) বাংলাদেশের পতাকাবাহী জাহাজ হিসেবে রেজিস্ট্রেশন সম্পন্ন করিতে হইবে এবং ইন্টারন্যাশনাল মেরিটাইম অর্গানাইজেশন এর যেই সকল আন্তর্জাতিক কনভেশন বাংলাদেশ কর্তৃক স্বাক্ষরিত হইয়াছে, সেই সকল ক্ষেত্রে প্রযোজ্য আন্তর্জাতিক রীতি-নীতি মানিয়া চলিতে হইবে;

খ) আমদানিকৃত জাহাজ ২২ বছরের অধিক পুরাতন হইতে পারিবে না এবং ন্যুনতম ৫ বছর বাংলাদেশের পতাকাবাহী সমুদ্রগামী জাহাজ হিসেবে পণ্য পরিবহনে ব্যবহার করিতে হইবে এবং উহার পূর্বে বিক্রয় বা হস্তান্তর করা যাইবে না। ব্যবসায়িক মন্দা বা এইরূপ উদ্ভুত পরিস্থিতিতে ৫ বছরের পূর্বে বিক্রয় করিবার প্রয়োজনীয়তা দেখা দিলে কিংবা দৈব-দুর্বিপাক, দুর্ঘটনা বা অন্য যেকোন কারণে স্ক্র্যাপ হিসেবে বিক্রয় করিবার প্রয়োজনীয়তা দেখা দিলে আমদানিকালে প্রযোজ্য মূল্য সংযোজন কর পরিশোধ করিবেন মর্মে সংশ্লিষ্ট কমিশনার বরাবরে শুল্কায়নের সময় ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা দাখিল সাপেক্ষে জাতীয় রাজস্ব বোর্ডের পূর্বানুমোদন গ্রহণপূর্বক প্রযোজ্য শুল্ক-কর ও ভ্যাট পরিশোধ করিয়া বিক্রয় করা যাইবে;

গ) আমদানিকৃত জাহাজের যাবতীয় আয় এবং জাহাজ পরিচালনা সংক্রান্ত যাবতীয় ব্যয় বাংলাদেশের কোনো তফসিলী ব্যাংকের সহিত রক্ষিত ফরেন কারেন্সি (এফসি) অ্যাকাউন্টের মাধ্যমে সম্পন্ন করিতে হইবে এবং প্রতি এক বছর অন্তর বৈদেশিক মুদ্রা অর্জনের স্বপক্ষে সংশ্লিষ্ট ব্যাংক কর্তৃক ইস্যুকৃত Proceed Realization Certificate (PRC)/প্রত্যয়নপত্র স্থানীয় মূল্য সংযোজন কর কার্যালয়ে দাখিল করিতে হইবে;

ঘ) অয়েল ট্যাংকার আমদানির ক্ষেত্রে অনাকাঙ্খিত দুর্ঘটনা হইতে সামুদ্রিক দূষণ রোধকল্পে International Convention for the Prevention of Pollution from Ships (MARPOL Convention) অনুযায়ী Double Hull / Double Bottom বিশিষ্ট জাহাজ আমদানি করিতে হইবে;

ঙ) জাহাজে কর্মরত সকল পর্যায়ের জনবলের ন্যুনতম ৭০ শতাংশ বাংলাদেশি নাগরিক হইতে হইবে এবং নিয়োগের ক্ষেত্রে বাংলাদেশি নাগরিকগণকে প্রাধান্য দিতে হইবে;

চ) দফা (ক) হইতে দফা (ঙ) এ উল্লিখিত শর্তাবলী প্রতিপালন করা হইবে মর্মে ৩০০ টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্পে অঙ্গীকারনামা প্রদানপূর্বক আনুষঙ্গিক দলিলাদিসহ অব্যাহতির বিধান কার্যকর করিবার লক্ষ্যে আমদানিতব্য জাহাজের ধারণ ক্ষমতা (DWT ও LWT), তৈরীর দেশ ও সন উল্লেখপূর্বক আমদানিকারক কর্তৃক জাতীয় রাজস্ব বোর্ডে আবেদন করিতে হইবে এবং উক্ত আবেদন বোর্ড কর্তৃক গৃহীত হইতে হইবে।

০২। এই আদেশের আওতায় জাহাজ আমদানির এক বছর অতিবাহিত হইবার পরবর্তী যেকোন সময়ে আদেশে বর্ণিত শর্তাবলী যথাযথভাবে প্রতিপালিত হইতেছে কিনা তাহা যথোপযুক্ত অনুসন্ধানের লক্ষ্যে বোর্ড প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করিতে পারিবে এবং অনুসন্ধানের প্রেক্ষিতে দফা (ক) হইতে (ঙ) এ উল্লিখিত কোন শর্ত প্রতিপালিত হইতেছে না মর্মে প্রতীয়মান হইলে সংশ্লিষ্ট আমদানিকারক হইতে আমদানিকালে আরোপণীয় সমুদয় মূল্য সংযোজন কর আদায়যোগ্য হইবে।

০৩। বোর্ড, জনস্বার্থের গুরুত্ব বিবেচনায় ও যথোপযুক্ত অনুসন্ধানের পর, যে কোন সময় উক্ত আদেশ পরিবর্তন কিংবা রহিত করিতে পারিবে।

০৪। ইতোপূর্বে জারীকৃত আদেশ নং-০৩/মূসক/২০১৮, তারিখঃ ১৪ মার্চ, ২০১৮ খ্রিস্টাব্দ এতদ্‌দ্বারা রহিত করিল।

১৯.০৬.১৮

হাছান মুহম্মদ তারেক রিকাবদার
প্রথম সচিব (মূসক নীতি)

প্রাপকঃ উপ-পরিচালক
বাংলাদেশ সরকারী মুদ্রণালয়,
তেজগাঁও, ঢাকা।

**( তাঁকে উল্লিখিত আদেশ এর ৫০০ (পাঁচশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে সরবরাহ করার নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো )**

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.২৫.০০৪.১৫/ ১৪৭ তারিখঃ ১৯ জুন, ২০১৮ খ্রিস্টাব্দ।

**<u>অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্যঃ</u> (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)**

১। বাংলাদেশ মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, কাকরাইল, ঢাকা।
২। প্রেসিডেন্ট, আপীলাত ট্রাইব্যুনাল (কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট), জীবন বীমা ভবন, দিলকুশা বা/এ, ঢাকা।
৩-৫। সদস্য (শুল্ক নীতি)/ সদস্য (মূসক নীতি)/ সদস্য (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৬-১৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (উত্তর)/ ঢাকা (দক্ষিণ)/ ঢাকা (পূর্ব)/ ঢাকা(পশ্চিম)/ চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/যশোর/রাজশাহী/রংপুর/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
১৮-২৩। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম/ঢাকা/আইসিডি,কমলাপুর/মংলা/বেনাপোল/পানগাঁও।
২৪-২৭। কমিশনার, কাস্টমস, এক্সাইজ ও মূসক (আপীল) কমিশনারেট, ঢাকা-১/ ঢাকা-২/ চট্টগ্রাম/ খুলনা।
২৮। মহাপরিচালক, মূসক নিরীক্ষা গোয়েন্দা ও তদন্ত অধিদপ্তর, ১২৭ বড়মগবাজার, ঢাকা।
২৯। মহাপরিচালক, শুল্ক রেয়াত ও প্রত্যর্পণ পরিদপ্তর, চট্টগ্রাম সমিতি ভবন, তোপখানা রোড, ঢাকা।
৩০। মহাপরিচালক, গবেষণা ও পরিসংখ্যান অনুবিভাগ, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩১। সিস্টেমস ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে আপলোডকরণ সহ প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হলো)।
৩২। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ শিপিং কর্পোরেশন, বিএসসি ভবন, সল্টগোলা রোড, চট্টগ্রাম।
৩৩। চেয়ারম্যান, বাংলাদেশ ওশানগোয়িং শিপ ওনার্স এসোসিয়েশন, বাড়ি নং- ১১/বি (৫ম তলা), রোড নং- ৩০, ব্লক-সিডব্লিউএস (এ), গুলশান-১, ঢাকা-১২১২।
৩৪। চেয়ারম্যান/সভাপতি, এসোসিয়েশন অব এক্সপোর্ট ওরিয়েন্টেড শিপ বিল্ডিং ইন্ডাস্ট্রিজ অব বাংলাদেশ, এইচবিএফসি বিল্ডিং, ৫ম তলা, ১/ডি আগ্রাবাদ সি/এ, চট্টগ্রাম-৪১০০।
৩৫। চেয়ারম্যান/সভাপতি, বাংলাদেশ শিপ বিল্ডার্স এসোসিয়েশন, ১০৩ মতিঝিল সি/এ, ঢাকা-১০০০।
৩৬। সহকারী প্রধান, নৌ-পরিবহন মন্ত্রণালয়, পরিকল্পনা শাখা-১, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩৭। প্রথম সচিব (শুল্ক: নীতি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৮। প্রথম সচিব (মূসক-বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৩৯। চেয়ারম্যান মহোদয়ের একান্ত সচিব, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
৪০। দ্বিতীয় সচিব (মূসক-বাস্তবায়ন পণ্য), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।

১৯/০৬/১৮

**মোঃ তারেক হাসান**
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)